

# মেয়র আনিসুল হকের অবস্থা অপরিবর্তিত

মুনজের আহমদ চৌধুরী, লন্ডন

০৯ সেপ্টেম্বর ২০১৭, ১৬:২৮



মেয়র আনিসুল হক

ঢাকা উত্তর সিটির মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থা অপরিবর্তিত রয়েছে, বলে জানিয়েছেন তার পরিবার। তাকে নিয়ে গুজব ছড়ানো হচ্ছে, বলেও দাবি করেছেন লন্ডনে আনিসুল হকের সঙ্গে অবস্থানরত তার বড় ছেলে নাভিদুল হক।

নাভিদুল হক জানিয়েছেন, বাবার অবস্থা আগের মতোই রয়েছে। তার জন্য সবার কাছে দোয়া কামনা করেছেন তিনি।



এখানেই চিকিৎসাধীন রয়েছেন মেয়র আনিসুল হক

এর আগে, চিকিৎসকরা জানিয়েছেন, তার (আনিসুল হক) অবস্থা আগের মতোই রয়েছে। মস্তিষ্কে রক্তনালীর প্রদাহের উপসর্গ নির্ণয় করার চেষ্টা চালানো হচ্ছে। প্রথম দফায় দেওয়া ওষুধ তার শরীরে সেভাবে এখনও কাজ করেনি, বলেও জানান চিকিৎসকরা।